

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০০৯

পর্ব-৩০: মান-মর্যাদা (بالمناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সাহাবায়ি কিরাম (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ الصَّحَابَة)

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَأْتِي عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَيَغْزُو فِئَامٌ مِنَ النَّاسِ فَيَقُولُونَ: هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَيَغُزُو فِئَامٌ مِنَ النَّاسِ فَيُقَالُ: هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ أَصِحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيَقُولُونَ: نَعَمْ. فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ وَمَانٌ فَيَغُزُو فِئَامٌ مِنَ النَّاسِ وَمَانٌ فَيَغُزُو فِئَامٌ مِنَ النَّاسِ وَمَانٌ فَيَغُولُونَ: نَعَمْ. فَيُقُلِّ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: نَعَمْ. مَنْ صَاحَبَ مَنْ صَاحَبَ مَنْ صَاحَبَ مَنْ صَاحَبَ مَنْ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيَقُولُونَ: نَعَمْ. فَيُقُلِّ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: نَعَمْ. مَنْ عَالَمَ مِنَ النَّاسِ وَمَانٌ يُبْعَثُ مَنْ مَنْ صَاحَبَ مَنْ عَالَمَ مَنْ النَّاسِ وَمَانٌ يُبْعَثُ مَنْ مَنْ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: انْظُرُوا عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: انْظُرُوا هَلْ تَرَوْنَ فِيهِمْ مَنْ رَأَى أَصْحَابِ رَسُولِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: الْظُرُوا فَيُقُلُونَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: الْنَّعُثُ لَكُمُ لَلَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: الْنَاسِ فَيُقَالُ: النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ: هَلْ النَّالِي فَيُقُولُونَ: هَلْ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ : هَلْ فِيهِمْ مَنْ رَأَى أَصْحَابَ النَّبِيِ صَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ فِيهِمْ مَنْ رَأًى مَنْ رَأًى أَصْحَابِ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُلُ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ ثُلُهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ ثُمُّ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ فَيَهُمْ مِنْ رَأًى أَصْحَابِ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَيُقُولُونَ فَيَعُمُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَسُلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَاللَهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَلَعُولُول

متفق عليه ، رواه البخارى (3649) و مسلم (208 / 2532 و الرواية الثانية 209 / 2532)، (6467) ـ

(مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা



৬০০৯-[৩] আবৃ সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: মানুষের ওপর এমন এক সময় আসবে, যে বহুসংখ্যুক লোকে জিহাদের যোগদান করবে। তখন তারা একে অপরকে প্রশ্ন করবে, তোমাদের মাঝে কি এমন কোন লোক আছেন, যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহচর্য অর্জন করেছেন? তারা বলবে, হ্যাঁ, আছেন। তখন তাদেরকে বিজয় দান করা হবে। অতঃপর লোকেদের ওপর এমন এক সময় আসবে যে, তাদের বহুসংখ্যুক লোক জিহাদে যোগদান করবে। তখন তাদেরকে প্রশ্ন করা হবে, তোমাদের মাঝে কি এমন কোন লোক রয়েছেন, যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীদের সাহচর্য লাভ করেছেন? তারা বলবে, হ্যাঁ, রয়েছেন। তখন তাদেরকে বিজয় দান করা হবে। তারপর লোকেদের ওপর এমন এক যামানা আসবে যে, তাদের বহুসংখ্যুক লোক জিহাদে যোগদান করবে। তখন তাদেরকে প্রশ্ন করা হবে, তোমাদের মাঝে কি এমন কোন ব্যক্তি রয়েছেন, যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীদের সাহচর্য লাভকারীদের (তাবিন্টদের) সাহচর্য লাভ করেছেন? তারা বলবে, হ্যাঁ, রয়েছেন। তখন তাদের (উক্ত তাবি তাবিন্টদের বরকতে) জয়যুক্ত করা হবে। (বুখারী ও মুসলিম)

মুসলিম-এর অপর এক রিওয়য়াতে আছে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: মানুষের উপর এমন এক সময় আসবে, তাদের মধ্য হতে একটি সেনাদলকে অভিযানে পাঠানো হবে, তখন মুজাহিদগণ বলবে, তালাশ করে দেখ তো তোমাদের মধ্যে রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীদের কাউকেও পাও নাকি? তখন এক ব্যক্তিকে পাওয়া যাবে। অতএব তাদেরকে জয়য়ুক্ত করা হবে। পরবর্তী যুগে দ্বিতীয় আরেকটি সেনাদল পাঠানো হবে। তখন তারা পরস্পর বলবে, তাদের মাঝে এমন কোন লোক আছেন কি, যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীদেরকে দেখেছেন? তখন তাদেরকেও বিজয় দান করা হবে। এর পরবর্তী সময়ে তৃতীয় সেনাদল প্রেরণ করা হবে। তখন বলা হবে, খোঁজ করে দেখ তো তাদের মাঝে এমন কোন লোক আছেন কি, যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীকে দেখেছেন, বা তাকে দেখেছেন? তারপর চতুর্থ সেনাদলকে পাঠানো হবে, তখন বলা হবে, অনুসন্ধান করে দেখ! তাদের মাঝে এমন কোন লোককে দেখেছেন যিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীকে দর্শনকারী কোন লোককে দেখেছেন। তখন এক ব্যক্তিকে সন্ধান করে পাওয়া যাবে। অতএব তাদেরকেও তার কারণে জয়য়ুক্ত করা হবে।

### ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৪৯, মুসলিম ২০৮-(২৫৩২), সহীহুল জামি ৯৬, মুসনাদে আহমাদ ১১০৫৬, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩৭৬১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৮৫৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৫৫১৭, মুসনাদুল হুমায়দী ৭৪৩, আবূ ইয়া'লা ৯৭৪, সহীহ ইবনু হিব্বান ৪৭৬৮, শু'আবূল ঈমান ৪২৬০, আল মুসতাদরাক লিল হাকিম ২৩৮৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসটিতে রাসূলুল্লাহ (সা.) -এর মু'জিযাহ্, সাহাবী, তাবিঈ, তাবি-তাবিঈদের মর্যাদা প্রকাশ পেয়েছে। (শারহুন নাবাবী ১৬, মিরকাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন